দৈনিক খবর

11 JUN 1993

৮ ... ২

# শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী ঃ প্রাথমিক বরাদ্দ ১ লাখ টন

।। ষ্টাফ রিপোর্টার ।।

প্রাথমিক পর্যায়ে বিদ্যালয় পরিত্যাগকারীর হার কমিয়ে আনার উদ্দেশ্যে ১৯৯৩–৯৪ অর্থবছরে সরকার 'শিক্ষার বিনিময়ে খাদ্য' শীর্ষক একটি পাইলট প্রকল্প হাতে নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। প্রাথমিক পর্যায়ে ১ লাখ মেট্রিক টন খাদ্যশস্য নিয়ে প্রকল্পটির কাজ শুরু হবে। গতকাল জাতীয় সংসদে ১৯৯৩–৯৪ সালের প্রস্তাবিত বাজেট পেশকালে অর্থমন্ত্রী সাইফুর রহমান এই তথ্য জানান।

শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী প্রকল্পটি প্রাথমিক শিক্ষার সম্প্রসারণ ছাড়াও দারিদ্র্য বিমোচনের একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচিত হবে। প্রকল্পটিকে পরবর্তী বছরগুলোতে আরও সম্প্রসারিত করা হবে। অর্থমন্ত্রী জানান, প্রধানমন্ত্রীর সরাসরি তত্ত্বাবধানে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ নামে একটি নতুন বিভাগ খোলা হয়েছে। এক্ষেত্রে বিরাজমান দুর্বলতা ও ত্রুটিসমূহ চিহ্নিত করে শিক্ষার হারের প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করার লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য উচ্চ পর্যায়ের একটি টাস্ক ফোর্সও গঠন করা হয়েছে। এছাড়া নারী বিষয়ক মাধ্যমিক শিক্ষা সহায়তা নামে যে প্রকল্প সম্প্রতি হাতে নেয়া হয়েছে তা মেয়েদেরকে মাধ্যমিক শিক্ষা, সমাপ্ত করার নিশ্চয়তা প্রদান করবে। নতুন এলাকা ও আরো বেশী ছাত্রীদের অন্তর্ভুক্ত করে ৭৫ কোটি টাকা ব্যয়ে সরকার অনুরূপ আরো একটি প্রকল্প হাতে নেয়ার সিদ্ধান্ত নিয়েছে বলে তিনি জানান। এ দুটি প্রকল্প একত্রে ছাত্রীদের জন্য ২৩০টি থানার মোট ১৫০ কোটি টাকার বৃত্তিমূলক কর্মসূচীর অর্থায়ন করবে। ১৯৯৪–৯৫ সালের মধ্যে দেশের সকল থানাকে এ প্রকল্পের আওতায় আনা সম্ভব হবে বলে অর্থমন্ত্রী আশা প্রকাশকরেন।